

পাখি পাখি মন লিরিক্সঃ-

এতদিন ছিলে স্বপ্নলোকে
থেকো না দূরে আর তুমি,
আমার চোখে দেখুক লোকে
কতখানি প্রিয় আমার তুমি।

তোমাকে রাখিনা কোনো প্রশ্নে
এই আকাশ কুসুম স্বপ্নে,
কত মায়ার তুমি

পাখি পাখি মন উড়ে যেতে চায় অজানায়
তোমায় নিয়ে ঘর বানাবো পাখির ডানায়,
পাখি পাখি মন উড়ে যেতে চায় অজানায়
তোমায় নিয়ে ঘর বানাবো পাখির ডানায়।

চলো চলে যাই দিকশূন্য পুর
সবুজ মাঠে বৃষ্টি টাপুর টুপুর,
ভালোলাগা শুধু বেড়ে চলে
এমন সেই দুপুর।

যেখানে জোনাকির ঝাঁক
অচীনপথের বাঁক,
ভেসে যায় জোছনায়
যেখানে তোমার পাশে আমায় মানায়।

পাখি পাখি মন উড়ে যেতে চায় অজানায়
তোমায় নিয়ে ঘর বানাবো পাখির ডানায়,
পাখি পাখি মন উড়ে যেতে চায় অজানায়
তোমায় নিয়ে ঘর বানাবো পাখির ডানায়।

তুমি ছুঁয়ে যাও ঘুম স্বপ্ননীল
আঙ্গুল জুড়ে গল্প কথার মিছিল,
ভালোবাসা রং-এ ছবি আঁকে
জীবন যে বড়ো নীল।

যেখানে জোনাকির ঝাঁক
অচীনপথের বাঁক,
ভেসে যায় জোছনায়
দুজনে ভাসি ডুবি একই মোহনায়।

পাখি পাখি মন উড়ে যেতে চায় অজানায়
তোমায় নিয়ে ঘর বানাবো পাখির ডানায়,
পাখি পাখি মন উড়ে যেতে চায় অজানায়
তোমায় নিয়ে ঘর বানাবো পাখির ডানায়।